# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 23 June, 2025

বাংলাদেশ টেস্ট দলের অধিনায়ক নাজমুল হোসেন শান্ত নেতৃত্ব ছাড়ার সিদ্ধান্ত নিয়েছেন বলে দাবি করেছে ক্রিকেটভিত্তিক আন্তর্জাতিক সংবাদমাধ্যম ক্রিকবাজ।তিন ফরম্যাটের নেতৃত্বে স্থায়ীত্ব চাইলেও ফর্ম ও বোর্ডের সিদ্ধান্তে বারবার পদচ্যুত হওয়ায় অভিমানে এমন সিদ্ধান্ত নিয়েছেন শান্ত।

ক্রিকবাজ জানায়, শ্রীলঙ্কার বিপক্ষে চলমান কলম্বো টেস্ট শেষেই তিনি আনুষ্ঠানিকভাবে এই সিদ্ধান্ত জানিয়ে দিতে পারেন।তবে শেষ সিদ্ধান্ত বোর্ডের সঙ্গে আলোচনার ওপর নির্ভর করবে।

বোর্ডের একটি ঘনিষ্ঠ সূত্রের বরাতে সংবাদমাধ্যমটি জানিয়েছে, “শান্ত অনেক কষ্ট পেয়েছে। ওয়ানডে নেতৃত্ব ছাড়ানো, সেটাও কোনো আলোচনা ছাড়াই—এটা ওর জন্য খুব হতাশাজনক ছিল।”

বিসিবির আচরণেই হতাশা

শান্ত এর আগে নিজেই টি-টোয়েন্টি অধিনায়কত্ব ছেড়েছিলেন ব্যাটিংয়ে মনোযোগের কারণে। তখন বিসিবির সভাপতি ছিলেন নাজমুল হাসান পাপন।পরে ওয়ানডে নেতৃত্ব থেকেও সরিয়ে দেওয়া হয় তাকে, সেটিও তাকে না জানিয়েই একটি জরুরি জুম মিটিংয়ে।

১২ জুনের ওই বৈঠকের আগে শান্তর কোচ ফিল সিমন্সের সঙ্গে পরিকল্পনা বৈঠক হওয়ার কথা থাকলেও, শেষ পর্যন্ত তা হয়নি।কারণ, ক্রিকেট অপারেশনস চেয়ারম্যান নাজমুল আবেদিন ফাহিমের ফোনের পর তিনি বৈঠকে না যাওয়ার সিদ্ধান্ত নেন।

## বোর্ডের বদলে যাওয়া অবস্থান

বোর্ডের নেতৃত্বে আমুল পরিবর্তনের পর শান্তর অবস্থান দুর্বল হয়ে পড়ে।নাজমুল হাসান পাপনের আমলে তিন ফরম্যাটেই নেতৃত্ব পান শান্ত।তবে পরে ফারুক আহমেদ আসার পর টি-টোয়েন্টি নেতৃত্ব ছাড়তে হয়।আর আমিনুল ইসলাম বুলবুল বোর্ডে আসার পর ওয়ানডে থেকেও তাকে সরিয়ে দেওয়া হয়।

নতুন অধিনায়ক মেহেদী হাসান মিরাজকে শুভেচ্ছা জানালেও, শান্ত এখন আর টেস্ট নেতৃত্বেও আগ্রহী নন বলে ধারণা তৈরি হয়েছে।

নাজমুল হোসেন শান্ত,ক্রিকেট,বিসিবি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/public/sports/7758073562